# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْمِكْيَالُ مِكْيَالُ أَهْلِ الْمَدِينَةِ وَالْمِيزَانُ مِيزَانُ أَهْلِ مَكَّةَ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيّ

## বাংলা

২৮৮৯-[৭] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পরিমাপের ক্ষেত্রে মদীনাবাসীর প্রচলিত পরিমাপ এবং ওযনের ক্ষেত্রে মক্কাবাসীর প্রচলিত ওযন গণ্য হবে। (আবূ দাঊদ ও নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৩৪০, নাসায়ী ২৫২০, সহীহ ইবনু হিব্বান ৩২৮৩, ইরওয়া ১৩৪২, সহীহাহ্ ১৬৫, সহীহ আল জামি‘ ৭১৭০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: মক্কাবাসীগণ ছিলেন ব্যাবসায়ী, আর তাদের চুক্তি ছিল ওযনকেন্দ্রিক এবং ওযনের ব্যাপারে তারা ছিল বেশ অভিজ্ঞ। অন্যদিকে মদীনাবাসীগণ ছিল ফসল উৎপাদনকারী চাষী, এজন্য তারা পরিমাপ সম্পর্কে বেশী অভিজ্ঞ।

অতঃপর আলোচ্য হাদীসে মক্কাবাসীদের ওযন ও মদীনাবাসীদের পরিমাপ খাস করা হয়েছে। শারহুস্ সুন্নাহ্ গ্রন্থে রয়েছে, আলোচ্য হাদীসে পরিমাপ এবং ওযনের সংশ্লিষ্টতা রয়েছে ‘‘আল্লাহ তা‘আলার অধিকারগুলোর ক্ষেত্রে’’। যেমন যাকাত কাফফারা ইত্যাদি। এমনকি মক্কার ওযনে ২০০ দিরহামের কম যাকাত ওয়াজিব নয়। আর সদাকাতুল ফিতরের ক্ষেত্রে মদীনার সা‘ অগ্রগণ্য। আর প্রত্যেক সা‘ সমান পাঁচ রিতল ও এক-তৃতীয়াংশ রিতল। রিতল হলো ১২৮ দিরহাম, যা উল্লেখিত দিরহাম অনুযায়ী। অথবা এক রিতল সমান ১২ উকিয়্যাহ্ বা ২৫৬৪ গ্রাম। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৩৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68216

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন